

# সিডনির নীপবন পল্লীতে অমর একুশে উদযাপন !

Kawsar Khan

অস্ট্রেলিয়ার সিডনিতে যথাযোগ্য মর্যাদা ও বিনম্র শ্রদ্ধায় পালিত হয়েছে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ২১ ফেব্রুয়ারি অস্ট্রেলিয়ায় কর্মদিবস হওয়ায় গতকাল ১৯ ফেব্রুয়ারি এবং আজ ২০ ফেব্রুয়ারি দিবসটিকে কেন্দ্র করে দেশটিতে নানা কর্মসূচি চলছে। এরই ধারাবাহিকতায় এ উপলক্ষে সিডনির পিট টাউনে অবস্থিত নীপবন পল্লীতে গতকাল শনিবার নানা আয়োজনে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। সিডনিতে বসবাসরত বাংলাদেশিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে নীপবন পল্লীতে নির্মিত অস্থায়ী শহীদ মিনারে ফুল দিয়ে ভাষা শহীদের স্মৃতিতে শ্রদ্ধা অর্পন করেন। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে দিনব্যাপী নানা অনুষ্ঠানেরও আয়োজন হয় নীপবন পল্লীতে।

বাঙালি ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি চর্চায় ২০১৫ সালে অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস রাজ্যে বসবাসকারী বিভিন্ন পেশার বাংলাদেশিরা গড়ে তোলেন এ নীপবন পল্লী। প্রতিবছর বাংলাদেশি বিভিন্ন উৎসব পালন ও সংস্কৃতিকে ধারণের লক্ষ্যেই স্থায়ীভাবেই গড়ে তোলা হয় নীপবন পল্লী। মহান ভাষা দিবসেও এর ব্যতিক্রম হয় নি। নীপবন পল্লীর সকল সদস্য ও আমন্ত্রিত অতিথিদের নিয়ে আয়োজিত সাংস্কৃতিক আয়োজন ছিল মূল আকর্ষণ। স্থানীয় শিল্পীদের দেশাত্মবোধক গান, কবিতা আবৃত্তি। অনুষ্ঠানে দেশীয় খাবারেরও আয়োজন ছিল। চলতি স্বাস্থ্যবিধির কারণে বড় পরিসরে আয়োজন করা না গেলেও আগামীতে সকলের অংশগ্রহণে আরও বড় আয়োজনের আশা ব্যক্ত করেছেন নীপবন পল্লীর অন্যতম উদ্যোক্তা চিকিৎসক আসাদ শামস।



